



ফিলিস্তিন ইস্যুতে জেদায় ওআইসি নেতাদের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক



সংগৃহীত ছবি

ফিলিস্তিনের চলমান পরিস্থিতি নিয়ে ওআইসির শীর্ষ পর্যায়ের নেতাদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) সৌদি আরবের জেদ্দা শহরে ওআইসি সচিবালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার, সৌদি আরবের পররাষ্ট্র প্রতিমন্ত্রী ওয়ালাদ এল-খুইজি, তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান এবং নির্বাহী কমিটির চেয়ারম্যান ও গাফিয়াহর পররাষ্ট্রমন্ত্রী মামাদু টানগারা।

বৈঠকে ফিলিস্তিন প্রশ্নে মুসলিম দেশগুলোর ঐক্যবদ্ধ ও সমন্বিত কূটনৈতিক উদ্যোগ জোরদারের ওপর জোর দেওয়া হয়। পাশাপাশি বাংলাদেশের সাম্প্রতিক জাতীয় নির্বাচনের পর নতুন নেতৃত্বের প্রতি শুভেচ্ছা জানিয়ে তারা আশা প্রকাশ করেন, এতে দেশে রাজনৈতিক স্থিতিশীলতা ও উন্নয়ন ত্বরান্বিত হবে। ফিলিস্তিন ইস্যুতে বাংলাদেশের নীতিগত অবস্থান অব্যাহত থাকবে বলেও প্রত্যাশা ব্যক্ত করা হয়।

এ ছাড়া জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতির পদে বাংলাদেশের প্রার্থিতায় সমর্থন জানান অংশগ্রহণকারী নেতারা। আগামী ২ জুন নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত পদে বাংলাদেশের পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করবেন ড. খলিলুর রহমান।